# পাঠ — 15

## বরষা



ঝম্ ঝম্ জল পড়ে ঘন বরষায় ।
গুড়গুড় মেঘ ডাকে খুকু ভয় পায় ।।
বাজ পড়ে, মনে হয়, যেন ধমকায় ।
থেকে থেকে বিজলীর আলো চমকায় ।।

নদীনালা মাঠে ঘাটে থই থই জল ।
সাঁওতাল ছেলেমেয়ে বাজায় মাদল ।।

**পাঠ সংকেত ঃ—** কবিতাটি মুখস্ত করান ও ভাবভঙ্গীসহ আবৃত্তি করান ।

1. কবিতাটি মুখস্থ করো —

2. নিচের কথাগুলি ঠিক হলে হ্যাঁ লেখো, ভুল হলে না লেখো ঃ

| | |
|---|---|
| বরষায় ঝম্‌ঝম্‌ জল পড়ে। | ( হ্যাঁ ) |
| মেঘের ডাকে খুকু ভয় পায় না। | ( ) |
| বিজলীর আলো চমকায় না। | ( ) |
| ছেলেমেয়েরা মাদল বাজায়। | ( ) |

3. নিচের বাক্যগুলিতে যে শব্দটি ঠিক নয়, সেটি কেটে দাও —

মেঘের ডাকে খোকা / খুকু ভয় পায়।

ঝম্‌ঝম্‌ / গুড়্গুড় করে মেঘ ডাকে।

বাজের আওয়াজ ধমকের / চমকের মত।

নদীনালায় থই থই মাটি / জল।

সাঁওতাল ছেলেমেয়ে / ছেলেবুড়ো বাজায় মাদল।

4. দেখে লেখো —

গুড় গুড় ডাক।

ঝক্ ঝক্ আলো।

ঝিক্‌মিক্ আলো।

থই থই জল।

ঝম্ ঝম্ জল।

টিম্ টিম্ বাতি।

5. দেখে লেখো —

বরষায় কী পড়ে ? (উ০)

বরষায় কী চমকায় ?

নদীনালায় কী থইথই করে ?

ছেলেমেয়েরা কী বাজায় ?